তারিখ 10 JUL 1987
পৃষ্ঠা 1 কলাম ৮

দৈনিক বাংলা



# এখন ক্যাম্পাস পরিস্থিতি ভাল : মান্নান

## সিনেটে ওয়াক আউট : ভিসি'র বিরুদ্ধে ছাত্র শ্লোগান

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান বলেছেন, বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতি আগের যে কোন সময়ের চাইতে ভাল। বিশ্ব বিদ্যালয়ের প্রশাসনিক কাজকর্মও ভালভাবে চলছে।

প্রফেসর মান্নান গতকাল বিশ্ব

(৫-এর পৃঃ দ্রঃ)

# ক্যাম্পাস এলাকায় বোমা ও গুলির শব্দ

(স্টাফ রিপোর্টার)

বৃহস্পতিবার রাত সাড়ে আটটার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনের পেছনে বিক্ষিপ্তভাবে কয়েকটি বোমা বিস্ফোরিত হয়। এ সময় দু' রাউন্ড গুলির শব্দও শোনা যায়। এব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করা হলে তারা এর কারণ সম্পর্কে কিছু জানাতে পারেননি।

## মান্নান

(প্রথম পৃঃ পর)

বিদ্যালয় সিনেটের মুলতবী সভায় পূর্বে দেয়া, তাঁর একটি রুলিং পরিবর্তনকালে একথা বলেন। পূর্বের রুলিং অনুসারে গতকালের সভার শুরুতে বিশ্ববিদ্যালয়ের পরিবেশ নিয়ে আলোচনা হওয়ার কথা। কিন্তু সিনেটের চেয়ারম্যান প্রফেসর মান্নান আগের রুলিং বাতিল করে নতুন রুলিং দেন যে পরিবেশের পূর্বে অন্যান্য কার্যসূচী নিয়ে আলোচনা হবে।

এ পর্যায়ে ম আখতারুজ্জামানের নেতৃত্বে আটজন সিনেট সদস্য ওয়াক আউট করেন।

ভিসি তার বক্তৃতায় বলেন, আজ যারা প্রশাসনের সমালোচনা করছেন তাদের অনেকে বিভাগের চেয়ারম্যান থাকাকালে সময় মত পরীক্ষার ফল বের হয়নি। বিভাগে গোলযোগও ঘটেছে। এদের মুখে সমালোচনা শোভা পায় না।

ক্যাম্পাসে সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে সম্প্রতি ছাত্র-শিক্ষক-কর্মচারীদের নেয়া উদ্যোগের কথা উল্লেখ করে তিনি বলেন, অতীতে কখনও এ ধরনের পদক্ষেপ নেয়া হয়নি। প্রফেসর মান্নান আরও বলেন, যে অস্ত্র ক্যাম্পাসকে রণাঙ্গনে পরিণত করে তা বাইরে থেকে আসে এবং বাইরেই চলে যায়। অস্ত্রের উৎস মুখ খুঁজে বের করতে হবে।

### বাজেট পেশ

গতকালের সভায় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর আবদুল্লাহ ফারুক সিনেটের অনুমোদনের জন্য ১৯৮৭-৮৮ অর্থ বছরের বাজেট পেশ করেন। প্রায় ২৮ লাখ টাকা ঘাটতিসহ বাজেটে ব্যয় বরাদ্দের পরিমাণ ২৩ কোটি ৩৮ লাখ ৪৮ হাজার ৭৫০ টাকা। বিভিন্ন সূত্র থেকে আয় ধরা হয়েছে প্রায় ২৩ কোটি ১০ লাখ টাকা।

গতকালের সভায় প্রফেসর কে এ এম সাদউদ্দীন, প্রফেসর মহব্বত আলী, প্রফেসর ইলিয়াস আলী, বোরহান উদ্দিন এমপি প্রমুখ আলোচনায় অংশ নেন।

সিনেট সভা শনিবার বিকেল পর্যন্ত মুলতবী ঘোষণা করা হয়েছে।

### ছাত্র সংগ্রাম পরিষদের মিছিল

ছাত্র সংগ্রাম পরিষদের উভয় অংশ গতকাল সকালে পৃথকভাবে মিছিল করে ভাইস চ্যান্সেলরের অফিসে যায়। মিছিলকারীরা ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টিকারীদের সম্পর্কে তদন্তের জন্যে গঠিত কমিটির রিপোর্ট প্রকাশের দাবী জানান। মিছিল থেকে ভাইস-চ্যান্সেলরের বিরুদ্ধে ব্যর্থতার অভিযোগ এনে শ্লোগান দেয়া হয়। এ পর্যায়ে ভিসি সমবেত ছাত্রদের উদ্দেশে বলেন, 'আমি ব্যর্থ হইনি। ব্যর্থ হলে ক্যাম্পাস ত্যাগ করে যেতাম।'